98580 - কাপড়রে মোজার ওপর চামড়ার মোজা পরলে কোনটরি ওপর মাসহে করব?

প্রশ্ন

আমি পবত্রি অবস্থায় কাপড়রে মোজার ওপর চামড়ার মোজা পরছে। এরপর অজু করার সময় চামড়ার মোজার ওপর মাসহে করছে। এখন আমি যদি চামড়ার মোজাটি খুলে ফলে, তবে মাসহে-এর বাকি সময়টুকু কি নীচরে কপড়রে মোজার ওপর মাসহে চালয়িে যতেে পারব?

প্রয়ি উত্তর

আলহামদু লল্লিাহ।.

যদি কউে চামড়ার মোজার ওপর চামড়ার মোজা পরে কংিবা কাপড়রে মোজার ওপর চামড়ার মোজা পর, তবে কোন মোজাটরি ক্ষত্রেে বধিান প্রযোজ্য হব? এ বষিয়টি বস্তিারতি বশি্লষেণ সাপক্ষে:

শাইখ মুহাম্মাদ বনি সালহি আল-উসাইমীন (রহ.) এ সম্পর্কে বলনে:

১. যদি কউে কাপড়রে মোজা বা চামড়ার মোজা পরার পর অজু ভঙেে যায়, এরপর অজু করার আগইে আগরে মোজার ওপর দ্বতিীয় আরকেটি মোজা পর, তবে বধিান প্রথম মোজা অনুযায়ী হব। অর্থাৎ, পরবর্তীতে অজু করার সময় তাকে প্রথম (নচিরে) মোজাটরি ওপরই মাসহে করতে হব, উপররেটরি ওপর মাসহে করা জায়জে হবে না।

২. যদি কউে কাপড়রে মোজা বা চামড়ার মোজা পরার পর অজু ভঙেে যায় এবং সটেরি ওপর মাসহে কর, এরপর তার ওপর দ্বতিীয় আরকেটি মোজা পর— তবে সঠকি মত অনুযায়ী সে দ্বতিীয় (উপররে) মোজাটরি ওপরও মাসহে করতে পারব। আল-ফুরু কতিাবে বলছেনে: ইমাম মালকেরে মতানুসারে জায়যে হওয়ায় সঙ্গত। ইমাম নববী (রহ.) বলছেনে: এটইি অধকি স্পষ্ট ও মনোনীত মত। কারণ সে এটি পবত্রি অবস্থায় পরধিান করছে। পক্ষান্তর, যারা বলছেনে: এটি অসম্পূর্ণ পবত্রিতা— তাদরে এ কথা অগ্রহণযোগ্য।

যদি আমরা এই অভমিতকে গ্রহণ করি তাহলে এ অবস্থায় মাসহে-এর সময়সীমা শুরু হবে প্রথম মোজাটতিে মাসহে করার সময় থকে। আর এক্ষত্রেে সে চাইলে নঃিসন্দহেে প্রথম (নচিরে) মোজাটরি ওপরও মাসহে করতে পারব।

৩. যদি কউে চামড়ার মোজা বা কাপড়রে মোজার ওপর চামড়ার মোজা পরে এবং উপররেটরি ওপর মাসহে কর, এরপর সটেি খুলে ফলে; তবে কি সে বাকি সময় নচিরেটরি ওপর মাসহে করতে পারব? এ বষিয়ে আমি (ইবনে উসাইমীন) কাউকে

স্পষ্টভাবে কিছু বলতে দেখেনি। তবে ইমাম নববী (রহ.) আবুল আব্বাস ইবনে সুরাইজ থেকে বর্ণনা করেছেন যে, যখন চামড়ার মোজার ওপর 'জুরমুক' (শীতের দেশে ব্যবহৃত ওভার-শু) পরা হয়, তখন তিনভাবে একে ব্যাখ্যা করা যেতে পারে। একটি হলো: এ দুটো মিলে একটি মোজার মতো গণ্য হবে; উপরেরটি বহিরাবরণ (যিহারাহ) এবং নিচেরটি ভেতরের অংশ (বিতানাহ) হিসেবে।

আমি (ইবনে উসাইমীন) বলব: এই মতের ভিত্তিতে, উপরের মোজাটি খুলে ফেলেলে মাসহে-এর মেয়াদ শেষ হওয়া পর্যন্ত নিচের মোজাটির ওপর মাসহে করা জায়েজ হবে। ঠিক যেমন চামড়ার মোজার উপরের স্তরটি যদি ছিঁড়ে বা উঠে যায়, তবে তার নিচের স্তরের ওপর মাসহে করা যায়।

শাইখ ইবনে উসাইমীন, ফাতাওয়া আত-তাহারাহ (পৃষ্ঠা ১৯২) থেকে সমাপ্ত।

জুরমুক (الجُرموق): এটি এমন এক ধরনের চামড়ার মোজা যা সাধারণ চামড়ার মোজার ওপর পরা হয়। বিশেষ করে প্রচণ্ড শীত প্রধান দেশে।

যিহারা ও বিতানা (الظَّهارة والبطانة): কোনো খুফ যদি দুই স্তর বিশিষ্ট হয়, তবে উপরের স্তরকে যিহারা এবং নিচের স্তরকে বিতানা বলা হয়। [দেখুন: আশ-শারহুল মুমতি, ১/২১১]

উপরের আলোচনা থেকে এটি স্পষ্ট যে, কেউ যদি কাপড়ের মোজার ওপর চামড়ার মোজা (খুফ) পরে এবং পরবর্তীতে উপরেরটি খুলে ফেলে, তবে তার মাসহে বাতিল হবে না। শাইখ ইবনে উসাইমীন বর্ণিত তিনটি অবস্থাতেই সে মাসহে-এর নির্ধারিত সময়সীমা শেষ হওয়া পর্যন্ত নিচের মোজাটির ওপর মাসহে চালিয়ে যেতে পারবে।

আল্লাহই সর্বজ্ঞ।